13

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 FEB 1989
পৃষ্ঠা 4 কলাম 3

## ছাত্রদের প্রতি যোগ্য নাগরিক হিসাবে নিজেদের গড়িয়া তোলার আহ্বান

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ছাত্র সমাজের প্রতি উপযুক্ত জ্ঞান আহরণের মাধ্যমে ভবিষ্যতে নেতৃত্ব গ্রহণে নিজেদেরকে যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার আহ্বান জানাইয়াছেন।

মন্ত্রী বৃহস্পতিবার বিকালে মোহাম্মদপুর রেসিডেন্সিয়াল মডেল কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এই আহ্বান জানান। কলেজের অধ্যক্ষ ডঃ আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব হেদায়েত আহমেদ, প্রতিরক্ষা সচিব শামসুল হক চিশতি উপস্থিত ছিলেন।—তথ্যবিবরণী।